জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে দর্শনা পৌর বিএনপির আলোচনা সভা অনুষ্ঠিত

দর্শনায় গতকাল শুক্রবার জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দদের নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে টার দিকে দর্শনা পৌরসভার শ্যামপুর বিএনপি দলীয় কার্যালয় সংলগ্নে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান বক্তা দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির অন্যতম সদস্য আলহাজ্ব মশিউর রহমান বলেন, সিপাহী জনতার ঐতিহাসিক বিপ্লব ঘটেছিলো ৭ নভেম্বর। দেশের তৎকালীন রাজনীতি গতিধারা পাল্টে দিয়ে দেশ ও জাতিকে নতুন পরিচয়ে অভিষিক্ত করেছিলেন। ১৯৭৫ সালে ১৫ ই আগস্ট পরবর্তী সেনা অভ্যুত্থানের ও পাল্টা অভ্যুতরের মধ্য দিয়ে দেশের যখন চরম নৈরাজ্য পরিস্থিতি বিরাজ করেছিল তখন সিপাহী জনতা মিলিত ঐক্যের বিপ্লব দেশ ও জাতিকে তার শ্বাসরুদ্ধকর পরিস্থিতি থেকে মুক্তি দিয়েছিল। এর মধ্যে দিয়ে সাময়িক বন্দী দশা থেকে মুক্ত হন স্বাধীনতার ঘোষক তৎকালীন মেজর জেনারেল সেনাপ্রধান জিয়াউর রহমান।

এরপরে রাষ্ট্রপতি জিয়াউর রহমান নেতৃত্বে দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব প্রভাব মুক্ত হয়ে শক্তিশালী গণতন্ত্র অর্গোলন মুক্ত হয়ে অগ্রগতির পথে এগিয়ে যায়। দেশী বহুদলীয় গণতন্ত্রের যাত্রা শুরু হয়। মানুষের মাঝে স্বস্তি ফিরে আসে। গণতন্ত্রের প্রবক্তা জিয়াউর রহমানের জাতীয়তাবাদী দল বিএনপি তার আদর্শে পরিচালিত হয়। এবারের জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবুকে নির্বাচিত করে বহুদলীয় গণতন্ত্র ফিরিয়ে আনতে হবে। তাই এবার সকলেই ধানের শীষে ভোট দিয়ে জয়যুক্ত করুন।

উক্ত আলোচনা সভায় দর্শনা পৌরসভার সাবেক মেয়র মহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির অন্যতম সদস্য মহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির অন্যতম

সদস্য মাহবুবুল ইসলাম খোকন, রেজাউল ইসলাম, বিএনপি নেতা- মোঃ হাবিবুল্লাহ বিশ্বাস, পিয়ার আলী, নুরুল ইসলাম, ইসমাইল আমিন, জুলু মিয়া, হিরোক বিশ্বাস, মোঃ রাসেল আহমেদ, সাবেক সাংস্কৃতিক সম্পাদিকা মেহজাবিন আফসানা শাপলা (মাস্টার)।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা থানা যুবদলের যুগ্নআহ্বায়ক মোর্শেদুর রহমান লিংকন, মোস্তাফিজুর রহমান মোহন, দর্শনা পৌর যুবদলের সদস্য সচিব জালাল উদ্দিন, দর্শনা পৌর ছাত্রদলের আহ্বায়ক আরাফাত হোসেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ, সাবেক কাউন্সিলর বিলকিস খাতুন, সোনাভানু, যুবদল নেতা- আল মুকিত, মোমিনুল ইসলাম, সাব্বির রহমান, দর্শনা কলেজ ছাত্রদলের যুগ্মআহ্বায়ক মোফাজ্জেল হোসেন মোফা, দর্শনা ডিএস মাদরাসা ছাত্রদলের সভাপতি খন্দকার শাহাব উদ্দিন, ছাত্রদল নেতা- আকাশ, ফয়সাল সহ নেতা কর্মীবৃন্দ।

চুয়াডাঙ্গায়

ইসলামী ছাত্রশিবিরের দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের চুয়াডাঙ্গা-২ আসনের দায়িত্বশীল সমাবেশে জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী জেলা আমীর মো: রুহুল আমিন বলেছেন, ইসলামী ছাত্রশিবিরের দিকে চেয়ে আছে বঞ্চিত মানুষরা।

আজ শুক্রবার বেলা ১১ টায় দর্শনা রিসোর্টে ইসলামী ছাত্রশিবিরের চুয়াডাঙ্গা-২ আসন আয়োজিত জেলা দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন, জেলা সভাপতি সাগর আহমেদ।

ইসলামী ছাত্রশিবিরের জেলা সেক্রেটারি হাফেজ আমিরুল ইসলামের পরিচালনায় প্রধান অতিথির বক্তব্যে শিবিরের দায়িত্বশীল সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথা বলেন। তিনি বলেন, ছাত্রশিবিরকেই দেশের সাধারণ ছাত্রসমাজের দায়িত্ব নিতে হবে।

ক্যাম্পাসে মেধার স্বাক্ষর রাখতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে দাড়িপাল্লার পক্ষে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ করতে হবে। মাদকের ভয়াল ছোবল থেকে ছাত্রদের বাঁচাতে হবে। জামায়াতে ইসলামী সরকার গঠন করলে সমাজ থেকে মাদকের মুলৎপাটন করা হবে। মাদক ব্যবসায়ীদেরকে আইনের আওতায় এনে শাস্তির মুখোমুখি করা হবে। তিনি আরো বলেন, ৭১ সালের পর হতে আজ অবধি রাজনৈতিক ছত্রছায়ায় এক শ্রেণীর দেশ বিরোধী চক্র মাদকের ব্যবসা চালিয়ে এসেছে। তিনি আরও বলেন, আর মাদকের ব্যবসা করতে দেয়া হবেনা।

সমাবেশে বিশেষ অতিধি হিসেবে উপস্থিত ছিলেন, জাময়াতের জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান জেলা সেক্রেটারি আসাদুজ্জামান, সাবেক সভাপতি মহসিন এমদাদুল্লাহ জামেন। আরো উপস্থিত ছিলেন, সদস্য সচিব মোঃ পারভেজ আলম, প্রচার সম্পাদক মোঃ আব্দুর রহিম, দামুড়দা থানা সভাপতি আল ফাহাদ সবুজ হোসেন, দর্শনা সভাপতি মোঃ লোকমান হোসেন জীবননগর থানা সভাপতি মোহাম্মদ রাসেল হোসেন, জীবননগর পৌর সভাপতি মোঃ আকিমুল ইসলাম, হাসাদা সাংগঠনিক থানা সভাপতি মোঃ আমির হামজা সহ বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন দায়িত্বশীলবৃন্দ ।

দর্শনায় র্যাবের অভিযানে ইয়াবাসহ স্বামী-স্ত্রী আটক

মেহেরপুর র্যাব-১২ ইউনিট দর্শনার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে ২২ পিচ ইয়াবাসহ মনিরুল ইসলাম ওরফে মনা
(৪১) ও স্ত্রী নিলুফা ইয়াসমিনকে (৩৬) আটক করেছে।

গতকাল শনিবার বিকাল সাড়ে ৫ টার দিকে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১২ কোম্পানী কমান্ডারের কার্যালয়

ক্রাইম প্রিভেনশন কোম্পানী-৩ অভিযান চালায় দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে। এসময় র্যাব-১২ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর মনার বাড়িতে। অভিযান চালিয়ে ১৮ পিচ অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট উর্দ্ধার করে।

র্যাব-১২, সিপিসি-৩ আরও জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, ধৃত আসামী দীর্ঘদিন যাবৎ অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য ইয়াবা অন্য এলাকা হতে ক্রয় করে এনে নিজ এলাকাসহ আশপাশের এলাকায় বিক্রয় করে যুব সমাজকে ধ্বংসের দিকে ধাবিত করছে ।গতকালই তাদের দুজনের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

দর্শনায় দিনদুপুরে ২১ ভরি স্বর্ণ ও নগদ টাকা চুরির ঘটনায় মূলহোতা ইসলামসহ গ্রেফতার ৪

দর্শনা থানা পুলিশ দিনভর অভিযান চালিয়ে দর্শনায় দিনেদুপুরে খৃষ্টান বাড়িতে দুঃসাহসিক চুরির ঘটনায় ইসলামসহ ৪ জনকে গ্রেফতার করা হয়েছে। ২ আনা স্বর্ণ ও কিছু টাকা উদ্ধার হলেও বাকি স্বর্ণ কোথায় গেলো। এ নিয়ে দর্শনায় নানা গুন্জন চলছে।

গত মঙ্গলবার দর্শনা আমতলা পাড়ার মনজু ঘোষ সকাল ৮ টার দিকে কেরু উচ্চ বিদ্যালয়ে চলে যায়। স্কুল ছুটি করে দুপুর ১ টার দিকে বাসায় এসে দেখে চোরেরা ক্লাসিবল গেট কেটে র্স্বণসহ নগদ টাকা চুরি হয়ে গেছে। চোরদের মূলহোতাসহ ৪জনকে পুলিশ গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের কাছ থেকে আংশিক স্বর্ণ উদ্ধার করে পুলিশ।

এ ঘটনায় অবসরপ্রাপ্ত শিক্ষিকা মনজু রানী সাংবাদিকদের বলেন, কিছু স্বর্ণ উদ্ধার হলো। তাহলে বাকি স্বর্ণ ও নগদ টাকা, ডলার কোথায় গেলো। এ দাবী তার ভাই ডেবিড ঘোষও করেন।

গত মঙ্গলবার দিনরাত অভিযান চালিয়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে কুষ্টিয়া জেলার ভেড়ামারা থানার বৃত্তিপাড়া গ্রাম থেকে দর্শনা মোহাম্মদপুর গ্রামের মৃত বারেকের ছেলে চিহ্নিত আলোচিত চোর ইসলাম(৪৩) ও কুষ্টিয়া জেলার ভেড়ামারা থানার বৃত্তিপাড়া গ্রামের তাপস বিশ্বাস বাবুলের ছেলে স্বর্ণ ব্যাবসায়ী তপন বিশ্বাস(৩৭), একই গ্রামের অমৃত্য কুমার কর্মকারের ছেলে স্বর্ণ ব্যাবসায়ী অর্নব কুমার (২৭)কে গ্রেফতার করে ঐ এলাকা থেকে। পরে

তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে দর্শনা আমতলা পাড়ার লিয়াকত আলীর স্ত্রী চায়না বেগমকে (৩০) গ্রেফতার করে।

পুলিশ তাদের কাছ থেকে ২ টি আংটির ভাঙ্গাচোরা টুকরো স্বর্ণ উদ্ধার করে। পরে তাদের জিজ্ঞাসাবাদে এক পর্যায়ে তারা স্বীকার করে। তাদের স্বীকারোক্তিতে বলে ২টি আংটি ৪২ হাজার টাকায় বিক্রি উদ্ধার করে। গত ২১শে অক্টোবর এমনটায় আশাবাদী ভুক্তভুগি। তাদের ৪ জনকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরণ করেছে। সেই সাথে তাদের রিমান্ডের আবেদন করেছে। রিমান্ডে নিলে বেরিয়ে আসবে আসল চুরির রহস্যগত ২১শে অক্টোবর এমনটায় আশাবাদী ভুক্তভুগি।

উল্লেখ্য গত মঙ্গলবার সঙ্গবদ্ধ চোরেরা, ঘরের গ্রীল কেটে ২১ ভরি স্বর্ণ নগদ দুই লক্ষ টাকা লুট করে নিয়ে গেছে। গত মঙ্গলবার মনজু ঘোষ জানান সকাল ৮ টার দিকে কেরু উচ্চ বিদ্যালয়ে চলে যায়। স্কুল ছুটি করে দুপুর ১ টার দিকে বাসায় এসে দেখে চোরেরা ক্লাসিবল গেট কেটে চুরির ঘটনা ঘটিয়েছে। এ সময় চোরের দল ঘরের আলমারী ভেঙ্গে নগদ ২ লক্ষ টাকা ৭ জোড়া স্বর্ণের চেইন, ১২ টি স্বর্ণের আংটি ৭ জোড়া হাতের রুলি, নাক ফুলসহ বিভিন্ন জিনিসপত্র চোরেরা নির্বিঘ্নে নিয়ে পালিয়ে যায়।

এ ঘটনার জেরে দর্শনা থানা পুলিশ মূলহোতাসহ ৫ জনকে গ্রেফতার করে। এ ঘটনায় মন্জু রানী ঘোষ সে সময় দর্শনা থানায় একটি অভিযোগ দায়ের করে। কিছু স্বর্ণ ও কিছু টাকা উদ্ধার হলেও বাকি স্বর্ণ ও টাকা কোথায় গেলো এমনটি দাবী করেছেন মন্জু রানী ঘোষ ও তার ভাই ডেবিড ঘোষ।

দর্শনা থানার ওসি শহীদ তিতুমির জানান, আসামী অন্তরকে ছেড়ে দেওয়ার বিষয়ে দর্শনার আজিমপুর এলাকার এক সাংবাদিক আমাকে ফোন করেন।

দর্শনা থানার ওসি বদলি

দর্শনা থানার অফিসার্স ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর হঠাৎ বদলি আদেশ হয়েছে।

গতকাল বিকাল ৪টায় চুয়াডাঙ্গা পুলিশ সুপার এর মাধ্যমে এ বদলি আদেশ পঠানো হয়েছে। তবে কোন থানায় তাকে বদলি করা হয়েছে তা জানা যায়নি। একটি সুত্র বলছেন, আপাতত তাকে চুয়াডাঙ্গা পুলিশ লাইনে নেওয়া হতে পারে।

তিনি গত ০৬/১০/২০২৪ তারিখ দর্শনা থানায় যোগদান করেন এরপর গতকাল বুধবার বদলি আদেশ পেলেন। কি কারণে তাকে হঠাৎ বদলি করা হলো তা জানা সম্ভব হয়নি।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার্স ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন, এখানে ১৩ মাস হয়ে গেছে। তাছাড়া এটা আমাদের রুটিন মাফিক নিয়ম অনুযায়ী বদলি হয়েছে। চাকুরীর নিয়মই এমন। আপাতত তাকে চুয়াডাঙ্গা পুলিশ লাইনে যেতে হবে। পরবর্তীতে জানা যাবে কোথায় যেতে হবে।

দর্শনায় তুলা চাষী প্রশিক্ষণ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

দর্শনায় তুলা চাষী প্রশিক্ষণ ২০২৫-২৬ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৪ টার পুরাতন বাজারে তুলা চাষীদের নিয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় তুলা উন্নয়ন বোর্ড (চুয়াডাঙ্গা জোন) এর কটন ইউনিট অফিসের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা কৃষিবিদ সেন দেবাশীষ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ডের উপ-পরিচালক মোঃ কুতুব উদ্দীন। এসময় তিনি চাষীদের বলেন, আমাদের দেশে যে পরিমাণ তুলা উৎপাদন হয় তা এদেশের চাহিদা মেটাতে পারে না। এজন্য বাইরের দেশ থেকে তুলা আমদানি করতে হয়। ফলে আমাদের দেশের টাকা বাইরের দেশে চলে যাচ্ছে।

সরকার তুলা চাষে চাষীদের আগ্রহ বাড়াতে অন্যান্য চাষের মতো তুলা চাষেও আধুনিক চাষ পদ্ধতি ও সরকারি প্রণোদোনা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করছেন। যাতে করে আধুনিক তুলা চাষে অধিক লাভবান হওয়া সম্ভব

হবে বলে আমরা আশাবাদী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের প্রকল্প পরিচালক ড. এ কে. এম হারুন অর রশিদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, মুজিবনগর ইউনিটের কটন ইউনিট অফিসার আমজাদ হোসেন ও দর্শনা ইউনিট অফিসার মোক্তার হোসেন। এসময় দর্শনা ইউনিটের তুলা চাষীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় জমি দখল ও প্রাণনাশের হুমকির প্রতিবাদে মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা ঘুঘু ডাঙ্গায় ৫ দিন ধরে ৩টি পরিবার অবরুদ্ধ অবস্থায় রয়েছে। ফলে তারা ঘর থেকে বের হতে পারছেন না এবং স্কুল ও মাদরাসায় যেতে পারছে না মমিনসহ ওই তিনটি পরিবারের সদস্যরা।

সেলিম কসাই ও নাসির কসাই গংয়ের বিরুদ্ধে জমি দখল ও প্রাণনাশের হুমকির অভিযোগ তুলে ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে দর্শনা পুরাতন বাজার দোয়েল চত্বরে এ মানববন্ধনে ভুক্তভোগী পরিবারসহ এলাকাবাসী অংশ নেন।

ভুক্তভোগী মমিন অভিযোগ করে বলেন, আমাদের পৈতৃক জমি দীর্ঘদিন ধরে সেলিম কসাই ও নাসির কসাই গং দখল করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রতিবাদ করায় আমাদের পরিবারকে নিয়মিতভাবে প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন ইয়াছিন, জোসনা, ফাতেমা, রনি, জাহিদুল, খাদিজা, লামিয়া, আব্দুল্লাহ ও রানা সহ ভুক্তভোগী পরিবারের অন্যান্য সদস্যরা।

মানববন্ধনে বক্তারা বলেন, আমরা ন্যায়বিচার চাই। প্রশাসনের

হস্তক্ষেপের মাধ্যমে জমি উদ্ধার ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে। স্থানীয়রা অভিযোগের সুষ্ঠু তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শহীদ তিতুমীরের সঙ্গে মোবাইলে যোগাযোগের চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

দর্শনায় আহত দুইজনের পাশে দাড়ালেন বিএনপি নেতা মশিউর রহমান

দর্শনা রামনগর গ্রামের বিএনপি কর্মী মনিরুজ্জামান রুনু গত সপ্তাহে এক ভয়াবহ মোটরসাইকেল দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন। দুর্ঘটনায় তার মাজা থেকে রানের হাড় ভেঙে যাওয়ায় বর্তমানে তিনি অসহ্য যন্ত্রণায় মানবেতর জীবনযাপন করছেন।

এই দুঃসময়েও মানবতার হাত বাড়িয়ে দিয়েছেন দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির সম্মানিত সদস্য আলহাজ্ব মশিউর রহমান। তিনি নিজ উদ্যোগে রবিবার দুপুরে রুনুর বাড়িতে গিয়ে তার শারীরিক অবস্থার খোজখবর নেন এবং আর্থিক সহায়তা প্রদান করেন।

এছাড়াও তিনি খোজ নেন দর্শনা পৌরসভার শ্যামপুর এলাকার মোঃ বকুল হোসেনের, যিনি কিছুদিন আগে গাছ থেকে পড়ে গুরুতর আহত হন। দুর্ঘটনায় তার পায়ের হাড় কয়েক টুকরো হয়ে যায় এবং বুকের হাড় ডান পাশে ভেঙে ভিতরে ঢুকে যায়। এ সময় আলহাজ্ব মশিউর রহমান বকুলের কাছেও সহানুভূতির হাত বাড়িয়ে দেন এবং তার দ্রুত সুস্থতা কামনা করেন।

এসময় তিনি বলেন, মানুষ মানুষের জন্য। রাজনীতি শুধু ক্ষমতার জন্য নয় মানবতার পাশে দাড়ানোর নামই প্রকৃত রাজনীতি। আমরা চাই, সমাজের প্রতিটি মানুষ একে অপরের দুঃসময়ে এগিয়ে আসুক।

উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির সদস্য রেজাউল ইসলাম, পৌর ছাত্রদলের সভাপতি আরাফাত রহমান, দর্শনা থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক লিংকন, ছাত্রনেতা আব্দুর রহিম মুন্না, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মুকিত হোসেন, থানা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক শাহেদ ইসলাম সুজন, কুষকদল নেতা ইসরাফিল হোসেন ও যুবদল নেতা রকি প্রমুখ।

স্থানীয়দের মতে, আলহাজ্ব মশিউর রহমানের এ ধরনের মানবিক উদ্যোগ সমাজে এক অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে।

দর্শনায় মোটরসাইকেল দূর্ঘটনায় যুবক নিহত

দর্শনার সাড়াবাড়িয়ার মোড়ে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে ছাগলের সাথে ধাক্কা লেগে জীবন (৩৫) নামের একজন যুবক নিহত হয়েছে।নিহত জীবন দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের মদনা গ্রামের সেলিম হোসেনের ছেলে।

জানা যায়, গতকাল রবিবার বেলা ১২ টার দিকে মদনা থেকে সাড়াবাড়িয়া সড়কে যাওয়ার পথে সাড়াবাড়িয়া মোড়ে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে ছাগলের সাথে ধাক্কা লেগে ছিটকে পড়ে যায়। সাথে সাথে স্থানীয় লোকজন উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠায়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বিকাল ৪টার দিকে তার মৃত্য হয়। গতকালই মদনা গ্রামে পারিবারিক কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়।

দর্শনা চেকপোস্ট দিয়ে ভারতে

যাওয়ার সময় গুলশানের আজিজুর রহমান গ্রেফতার

দর্শনা চেকপোস্ট দিয়ে ভারতে প্রবেশের সময় ইমিগ্রেশন পুলিশের হাতে ঢাকা গুলশানের বাসিন্দা আজিজুর রহমান (৫২) গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃত আজিজুর রহমান নারায়ণগঞ্জের সোনারগাঁও থানার কুতুবপুর এলাকার মৃত মতিউর রহমানের ছেলে।

রবিবার দুপুর ২টার দিকে দর্শনা ইমিগ্রেশন পুলিশ দেশত্যাগে নিষেধাজ্ঞা থাকার কারণে তাকে গ্রেফতার করে।

পুলিশ সূত্রে জানা যায়, আজিজুর রহমানের বিরুদ্ধে ঢাকা মেট্রোপলিটন পুলিশের তেজগাঁও শিল্পাঞ্চল থানাসহ একাধিক থানায় বিভিন্ন মামলা রয়েছে। গ্রেফতারের পর তাকে দর্শনা থানায় হস্তান্তর করা হয়।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন, আজিজুর রহমানের বিরুদ্ধে তেজগাঁওসহ বিভিন্ন থানায় মামলা রয়েছে এবং তার বিদেশে যাওয়া নিষিদ্ধ ছিল। গতকালই তাকে চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করা হয়েছে।